



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৯১৩

১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

‘সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মিকরণ বিধিমালা ২০১৮, এর আলোকে সদ্য সরকারিকৃত বদরগঞ্জ সরকারি ডিগ্রি কলেজ, বদরগঞ্জ, রংপুর-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মূলপদ: উপাধ্যক্ষ, নন-ক্যাডার) জনাব মুহাম্মদ গোলজার হোসেন অবসরজনিত কারণে ২১-০৪-২০২৪ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন। কলেজে কর্মরত অধ্যক্ষের পদসৃজন প্রক্রিয়াধীন থাকায় রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগকৃতদের মধ্যে জ্যেষ্ঠ শিক্ষক রসায়ন বিষয়ের প্রভাষক (নন-ক্যাডার) জনাব ভূপেন্দ্র নাথ সরকার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন এবং কলেজের কার্যাদি পরিচালনার লক্ষ্যে আয়ন-ব্যয়নকারী কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জনাব ভূপেন্দ্র নাথ সরকার-কে শর্ত মোতাবেক আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হলো।

শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষের এডহক নিয়োগ হওয়ার পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- অধ্যক্ষের অনুমোদনক্রমে প্রযোজ্য বিধি অনুযায়ী তাঁকে আর্থিক কার্যক্রম পরিচালনা করতে হবে।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য অধ্যক্ষ ও তিনি দায়ী থাকবেন। নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৬-০৫-২০২৪

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৯১৩/১ (১২)

১৯ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
- ৪। জেলা প্রশাসক -----;
- ৫। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। উপজেলা নির্বাহী অফিসার-----;
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৮। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -----;
- ৯। অধ্যক্ষ, বদরগঞ্জ সরকারি কলেজ, বদরগঞ্জ, রংপুর;
- ১০। জনাব ভূপেন্দ্র নাথ সরকার, বদরগঞ্জ সরকারি কলেজ, বদরগঞ্জ, রংপুর;
- ১১। ব্যাংক ম্যানেজার ----- এবং
- ১২। সংরক্ষণ নথি।



Janis

০৬-০৫-২০২৪
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক